

সারাদেশ

## তিতাস নদী রক্ষায় ব্রাহ্মণবাড়িয়ায় নোঙর-এর মানববন্ধন

প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: বুধবার, ২৩ সেপ্টেম্বর ২০২৬, ০৭:৩০ PM



নদী বাঁচাও, পরিবেশ বাঁচাও, জীবন বাঁচাও—এই স্লোগানকে সামনে রেখে ব্রাহ্মণবাড়িয়ায় তিতাস নদীর শ্মশানঘাট এলাকা থেকে ময়লা-আবর্জনার স্তুপ অপসারণের দাবিতে মানববন্ধন করেছে নদী ও পরিবেশ রক্ষার সামাজিক সংগঠন নোঙর বাংলাদেশ, ব্রাহ্মণবাড়িয়া জেলা শাখা।

বুধবার (২৩ সেপ্টেম্বর) শ্মশানঘাট এলাকায় আয়োজিত এ মানববন্ধনে বক্তারা বলেন, তিতাস নদীর তীর ও আশপাশে দীর্ঘদিন ধরে ময়লা-আবর্জনা জমে পরিবেশ মারাত্মকভাবে দূষিত হচ্ছে। এতে নদী ও জীববৈচিত্র্য হুমকির মুখে পড়ার পাশাপাশি স্থানীয়দের স্বাস্থ্যঝুঁকিও দিন দিন বাড়ছে। তাই অবিলম্বে শ্মশানঘাট এলাকা থেকে ময়লা-আবর্জনা অপসারণের দাবি জানান তারা।

নোঙর বাংলাদেশের ব্রাহ্মণবাড়িয়া জেলা শাখার সভাপতি ও অবসরপ্রাপ্ত শিক্ষক মো. মনির হোসেনের সভাপতিত্বে মানববন্ধনে উপস্থিত ছিলেন জেলা শাখার সাধারণ সম্পাদক মোহাম্মদ নজরুল ইসলাম ভূইয়া বিল্লাল, সিনিয়র সহসভাপতি মো. ছগির আহমেদ কাজল, যুগ্ম সাধারণ সম্পাদক মোজাম্মেল চৌধুরীসহ সংগঠনের অন্যান্য নেতৃবৃন্দ ও স্থানীয় এলাকাবাসী।

বক্তারা আরও বলেন, নদী ও পরিবেশ রক্ষায় জনসচেতনতা সৃষ্টি এবং দূষণ রোধে নোঙর বাংলাদেশ দীর্ঘদিন ধরে কাজ করে আসছে। তিতাস নদীকে বাঁচাতে হলে এর তীর থেকে ময়লা-আবর্জনা অপসারণের পাশাপাশি নিয়মিত পরিচ্ছন্নতা কার্যক্রম পরিচালনা করা জরুরি।

পরিবেশের ভারসাম্য রক্ষা ও তিতাস নদীর পাড় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখতে পৌরসভার পক্ষ থেকে কার্যকর উদ্যোগের অভাব রয়েছে উল্লেখ করে ক্ষোভ প্রকাশ করেন বক্তারা। দ্রুততম সময়ের মধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে তিতাস নদীর তীরকে সম্পূর্ণ ময়লা-আবর্জনামুক্ত করার জোর দাবি জানান তারা।

## এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত  
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে ঐম্যাম-ওলামা মাশায়েখ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ  
পাবনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গ...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু  
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা  
ছাত্রদের আশ্রয়ক মো. মিজানুর রহ...

---

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/titas-ndi-rkshay-brahmnbariyay-nongr-er-manbbndhn>